রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুলাই ১৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৩/১২ জুলাই ২০১৬

**বিষয়: বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ-এর প্লট বরাদ্দ নীতিমালা-২০১৬**

**নং ৩৬.০০.০০০০.০৬৫.২২.০০২.১৬.১৯৪**—উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর অধীনস্থ বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ-এর প্লট বরাদ্দ নীতিমালা ২০১৬ নিম্নরূপভাবে প্রণয়ন করা হ'ল:

**১.০ বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর জামদানি শিল্পোদ্যোক্তাদের মধ্যে প্লট বরাদ্দের জন্য দরখাস্ত আহ্বান, প্লট বরাদ্দ, বাতিল, পুনঃবরাদ্দ, জামদানি শিল্প স্থাপন, নাম, সাংগঠনিক কাঠামো ও ইজারাস্বত্ব হস্তান্তরের নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:**

**২.০ শিল্প প্লট বরাদ্দের জন্য বিজ্ঞাপন প্রচার:**

**২.১ নতুন প্লট:**

(০১) বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর ১০০ ভাগ অবকাঠামো সুবিধা সমাপ্ত হবার পর প্লট বরাদ্দের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দিতে হবে;

(০২) বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর খালি প্লট বরাদ্দের লক্ষে জামদানি শিল্প উদ্যোক্তাগণকে অবহিত করার জন্য বহুল প্রচারিত অন্ততঃ একটি জাতীয় দৈনিক বাংলা ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করতে হবে;

(০৩) বিজ্ঞাপন প্রচারের তারিখ হতে ৪৫ দিনের মধ্যে আবেদনপত্র গ্রহণ করা হবে। আবেদনপত্র গ্রহণের তারিখ উত্তীর্ণ হবার পরবর্তী ১৫ দিনের মধ্যে বাছাই ও সম্ভাব্যতা যাচাই করে পরবর্তী ৩০ দিনের মধ্যে শিল্পনগরীতে প্লট বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠান এবং এর পরবর্তী ৩০ দিনের মধ্যে বরাদ্দপত্র জারি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে;



**মূল্য:** টাকা ১২.০০

(০৪) বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ-এর বরাদ্দযোগ্য প্লট জামদানি শিল্প স্থাপনে আগ্রহী, অভিজ্ঞ ও কারিগরি জ্ঞানসম্পন্ন এবং আর্থিকভাবে অধিক সচ্ছল এবং যোগ্য জামদানি শিল্প উদ্যোক্তাগণ অগ্রাধিকার পাবেন;

(০৫) সর্বশেষ জরিপভুক্ত জামদানি তাঁতিদের মাঝে খালি প্লটের ৭০% এবং জামদানি শিল্প স্থাপনে আগ্রহী জামদানি উদ্যোক্তাদের মাঝে ৩০% প্লট বরাদ্দ প্রদান করা হবে;

(০৬) যোগ্য আবেদনকারীর সংখ্যা বেশি হলে সে ক্ষেত্রে লটারীর মাধ্যমে প্লট বরাদ্দ কমিটি প্লট বরাদ্দ প্রদান করতে পারবে।

**২.২ পুরাতন প্লট :**

(০১) বরাদ্দযোগ্য খালি প্লট থাকলে বিসিক প্রধান কার্যালয় হতে বছরে কমপক্ষে ২ (দুই) বার একটি জাতীয় বাংলা সংবাদপত্রে ও ২ (দুই) বার স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন প্রচার করতে হবে;

(০২) শিল্পনগরীতে প্লট বরাদ্দের জন্য দীর্ঘদিন কোন আবেদন না পাওয়া গেলে প্লট বরাদ্দ বিষয়ে কৌশল উদ্ভাবনের জন্য কমপক্ষে ৬ (ছয়) মাসে শিল্পনগরীর প্লট বরাদ্দ কমিটির সভা আহ্বান করতে হবে।

**৩.০ আবেদন ফরম সংগ্রহ :**

(০১) আবেদন ফরম বিসিক প্রধান কার্যালয় এবং বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ কার্যালয় হতে নির্ধারিত ফি প্রদানপূর্বক সংগ্রহ করা যাবে;

(০২) আবেদন ফরম বিসিক এর ওয়েব-সাইটেও পাওয়া যাবে। প্রয়োজনে আবেদন ফরম ডাউন লোড করে সংগ্রহ করা যাবে। তবে আবেদনপত্র জমা দেয়ার সময় আবেদনপত্রের জন্য নির্ধারিত ফি নগদে জমা দিয়ে আবেদন দাখিল করতে হবে।

**৪.০ আবেদনপত্র জমা :**

**৪.১ নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে তার সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :**

(০১) নির্ধারিত আবেদন ফরম ক্রয়ের রসিদের কপি;

(০২) উদ্যোক্তার সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি (২ কপি);

(০৩) উদ্যোক্তার জাতীয়তার সনদপত্র (ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড কমিশনার/প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত) ও জাতীয় পরিচয়পত্র (National ID Card) এর সত্যায়িত ফটোকপি;

(০৪) ট্রেড লাইসেন্স;

(০৫) আবেদনকারীর আয়কর সার্টিফিকেট (টিআইএন নম্বরসহ) (প্রযোজ্য ক্ষেত্রে);

(০৬) প্রকল্পের সম্ভাব্যতা প্রতিবেদন (নমুনা মোতাবেক);

(০৭) প্রকল্পের বাস্তবায়ন তফসিল (প্রস্তাবিত);

(০৮) বিল্ডিং লে-আউট প্ল্যান (খসড়া);

(০৯) তাঁত স্থাপনের প্ল্যান (খসড়া);

(১০) নিজস্ব অর্থে স্থাপন করা প্রকল্পের ক্ষেত্রে ৩০০ টাকার নন্-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা এবং ব্যাংক লেনদেন প্রতিবেদন;

(১১) ব্যাংক ঋণে স্থাপন করা প্রকল্পের ক্ষেত্রে অর্থ প্রদানকারী ব্যাংক/প্রতিষ্ঠান থেকে উদ্যোক্তার আর্থিক নিশ্চয়তা পত্র জমা দিতে হবে।

(১২) অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে রেজিস্ট্রিকৃত অংশীদারি দলিল;

(১৩) লিমিটেড কোম্পানী হলে, জয়েন্ট স্টক্ কোম্পানীর রেজিস্ট্রেশন্ এবং মেমোরেন্ডাম্ অব্ এসোসিয়েশন্ এণ্ড আর্টিক্যালস্ অব এসোসিয়েশন্;

(১৪) বিসিক কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশনের ফটোকপি;

(১৫) ডাউন পেমেন্টের সময় পরিমাণ অর্থ (প্রথম দুই কিস্তি) ক্রসড্ চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে; প্লট বরাদ্দ বিবেচিত না হলে ডাউন পেমেন্টের টাকা ফেরতযোগ্য।

উল্লিখিত কাগজপত্রাদিসহ ২ (দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

৫.০ **আবেদনপত্র গ্রহণ পদ্ধতি :**

(০১) আবেদনপত্র শিল্পনগরী কর্মকর্তা, বিসিক জামদানি শিল্পনগরী, তারার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দপ্তরে জমা দিতে হবে;

(০২) উদ্যোক্তাগণ ইচ্ছা করলে বিসিক শিল্প সহায়ক কেন্দ্র প্রধান, নারায়ণগঞ্জ অথবা বিসিক প্রধান কার্যালয় অথবা আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকায় আবেদনপত্র দাখিল করতে পারবেন;

(০৩) বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তারিখ অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্রগুলো রেজিস্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন;

(০৪) বাছাই কমিটি কর্তৃক বাছাই সম্পন্ন হওয়ার পূর্বে আবেদনকারী শিসকে, বিসিক, নারায়ণগঞ্জ প্রধানের অনুমোদনক্রমে প্রয়োজনীয় কাগজপত্র (মূল আবেদনপত্রের সাথে যা জমা দেয়া হয়নি) জমা দিতে পারবেন।

**৬.০ আবেদনপত্র বাছাই কমিটি গঠন ও কার্যপরিধি :**

**৬.১ প্রাপ্ত আবেদনপত্রগুলো যাচাই-বাছাই করার জন্য নিম্নরূপ একটি বাছাই কমিটি থাকবে :**

| | | | |
|---|---|---|---|
| (০১) | সহকারী মহাব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র (শিসকে), বিসিক, নারায়ণগঞ্জ | : | সভাপতি |
| (০২) | প্রধান কার্যালয়ের বিপণন বিভাগের উপ-ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা | : | সদস্য |
| (০৩) | শিল্পনগরী কর্মকর্তা, বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | : | সদস্য-সচিব |

**৬.২ বাছাই কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে :**

(০১) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনামা এবং এ নীতিমালার ৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বিষয়সমূহের আলোকে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;

(০২) বাছাই কমিটির মূল্যায়ন প্রতিবেদনটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্লট বরাদ্দ কমিটিতে উপস্থাপন করা;

(০৩) বাছাই কমিটির মূল্যায়নকৃত পূর্ণাঙ্গ আবেদনগুলো দাখিলের তারিখভিত্তিক তালিকা প্লট বরাদ্দ কমিটিতে উপস্থাপন করা; এবং

(০৪) বাতিলকৃত আবেদনপত্রসমূহের ত্রুটি উল্লেখপূর্বক একটি তালিকা তৈরি করে বরাদ্দ কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করা।

**৭.০ শিল্পনগরীর প্লট বরাদ্দ কমিটি ও এর কার্যপরিধি :**

**৭.১ শিল্পনগরীতে শিল্প প্লট বরাদ্দের লক্ষে প্রাথমিকভাবে বাছাই করা আবেদনপত্রসমূহ প্লট বরাদ্দ কমিটিতে পেশ করতে হবে। এই শিল্পনগরীর জন্য প্লট বরাদ্দ কমিটি নিম্নরূপে গঠিত হবে :**

| | | | |
|---|---|---|---|
| ১. | পরিচালক (বিপণন), বিসিক, ঢাকা | : | সভাপতি |
| ২. | মহাব্যবস্থাপক (বিপণন), বিসিক, ঢাকা | : | সদস্য |
| ৩. | শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রতিনিধি | : | সদস্য |
| ৪. | আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা | : | সদস্য |
| ৫. | মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ৬. | উপজেলা নির্বাহী কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ৭. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি, নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ৮. | সহকারী মহাব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ৯. | জেলা শিল্প ও বণিক সমিতির সভাপতি/মনোনীত প্রতিনিধি | : | সদস্য |
| ১০. | সভাপতি, নাসিব, নারায়ণগঞ্জ/মনোনীত প্রতিনিধি | : | সদস্য |
| ১১. | শিল্পনগরী কর্মকর্তা, বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | : | সদস্য-সচিব |

এই কমিটি প্রয়োজনবোধে কারিগরি ও অভিজ্ঞতাসম্পন্ন দুজন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭.২ ৭.১ অনুচ্ছেদে বর্ণিত কমিটির সভা অনুষ্ঠানের জন্য যথাক্রমে ন্যূনতম ৬ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। তবে সদস্য কো–অপ্ট করা হলে সে ক্ষেত্রে ৭ জনে কোরাম পূর্ণ হবে।

**৭.৩ প্লট বরাদ্দ কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে :**

(০১) প্লট বরাদ্দ কমিটি আবেদনকারীকে শিল্পনগরীতে জামদানি শিল্প স্থাপনের জন্য বিসিক অনুমোদিত প্লটপ্ল্যান মোতাবেক প্লট বরাদ্দ প্রদান করতে পারবে।

(০২) বিসিক অনুমোদিত ভূমি বরাদ্দপত্র এবং লিজডিড প্রোফরমায় বর্ণিত শর্তসমূহ পালনে ব্যর্থ হলে ভূমি বরাদ্দ কমিটি বরাদ্দকৃত ভূমির বরাদ্দ বাতিল করতে পারবে।

(০৩) ভূমি সদ্ব্যবহারের জন্য যুক্তিসংগত কারণ দেখিয়ে উদ্যোক্তা বর্ধিত সময় প্রার্থনা করলে প্লট বরাদ্দ কমিটি তা বিবেচনা করতে পারবে।

**৮.০ প্লট বরাদ্দ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পদ্ধতি :**

(০১) সভা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে কার্যবিবরণী প্রস্তুত করে কমিটির সভাপতির নিকট দাখিল করতে হবে;

(০২) কার্যবিবরণী স্বাক্ষরিত হওয়ার ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে বরাদ্দপত্র জারি সম্পন্ন করতে হবে;

(০৩) ব্যক্তি মালিকানাধীন প্রকল্পের ক্ষেত্রে ব্যক্তি মালিকের নামে, অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে ব্যবস্থাপনা অংশীদারের (পদবীসহ) নামে এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর নামে বরাদ্দপত্র জারি করতে হবে; একাধিক ব্যক্তির নামে বরাদ্দপত্র জারি করা যাবে না।

**৯.০ উদ্যোক্তার আর্থিক সচ্ছলতা ও কারিগরি সক্ষমতার প্রমাণক :**

(০১) উদ্যোক্তার পক্ষে সংশ্লিষ্ট ব্যাংকের আর্থিক সচ্ছলতার প্রত্যয়নপত্র জমা দিতে হবে;

(০২) নিজস্ব বিনিয়োগে শিল্প স্থাপনের প্রস্তাব করা হলে, উদ্যোক্তার বিগত ০৬ (ছয়) মাসের ব্যাংকে লেনদেন প্রতিবেদন দাখিল করতে হবে: ব্যাংক স্থিতি ১.০ লক্ষ টাকার কম হলে অসচ্ছল বলে বিবেচিত হবে।

(০৩) উদ্যেক্তা অথবা উদ্যোক্তার নিয়োগকৃত পদে জামদানি শিল্পের কারিগরি জ্ঞানসম্পন্ন লোক থাকতে হবে।

**১০.০ প্রকল্পের অনুকূলে সম্ভাব্যতা প্রতিবেদন দাখিল প্রসঙ্গে :**

প্রকল্পের অনুকূলে সম্ভাব্যতা প্রতিবেদন দাখিল প্রসঙ্গে প্লট বরাদ্দ কমিটি প্রয়োজনবোধে কোন প্রকল্পের সম্ভাব্যতা প্রতিবেদন বিসিকের কর্মকর্তা অথবা কারিগরি জ্ঞানসম্পন্ন পরামর্শক কর্তৃক পরীক্ষা করতে পারবে।

**১১.০ প্রস্তাবিত কারখানা ও তাঁতের লে-আউট প্ল্যান :**

প্রস্তাবিত কারখানা ও তাঁতের লে-আউট প্ল্যান প্রণয়নের ক্ষেত্রে মেশিনের স্পেসিফিকেশন্ অনুযায়ী সঠিকভাবে প্রয়োজনীয় জায়গার পরিমাপ নির্ণয় করতে হবে। কারখানার লে-আউট প্ল্যানে প্রকৌশলী/পরামর্শক/বিসিক কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে।

**১২.০ প্রস্তাবিত বিল্ডিং লে-আউট প্ল্যান তৈরি :**

প্রস্তাবিত বিল্ডিং লে-আউট প্ল্যান তৈরির ক্ষেত্রে প্রকৌশলী/পরামর্শক/বিসিক কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে। সর্বোচ্চ দোতালা পর্যন্ত লে-আউট প্ল্যান অনুমোদন দেয়া যাবে। লে-আউট প্ল্যান অনুমোদনের জন্য নিম্নোক্ত ০৩ সদস্যের কমিটি হবে—

| | | |
|---|---|---|
| (০১) নির্বাহ প্রকৌশলী, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা | : | সভাপতি |
| (০২) সহকারী মহাব্যবস্থাপক, শিসকে, বিসিক, নারায়ণগঞ্জ | : | সদস্য |
| (০৩) শিল্পনগরী কর্মকর্তা, বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ | : | সদস্য-সচিব |

মহাব্যবস্থাপক (বিপণন), বিসিক, ঢাকা লে-আউট প্ল্যানের চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন।

**১৩.০ শিল্পনগরীতে ইউনিটসমূহের ইজারাস্বত্ব/মালিকানা, মালিকানার ধরন ও নাম পরিবর্তন, হস্তান্তর এবং আপীল পদ্ধতি :**

(০১) শিল্পনগরীর ইউনিটসমূহের মালিকানা, মালিকানার ধরন ও নাম পরিবর্তন এবং হস্তান্তর বিসিক প্রধান কার্যালয়ের এখতিয়ারভুক্ত থাকবে;

(০২) প্লট বরাদ্দ কমিটির কোন সিদ্ধান্তে সংশ্লিষ্ট আবেদনকারী উদ্যোক্তা অসন্তুষ্ট হলে তিনি বিসিকের চেয়ারম্যান এর নিকট আপীল করতে পারবেন;

(০৩) আপীল সিদ্ধান্ত পুনঃবিবেচনার (রিভিশন) ক্ষেত্রে নতুন যৌক্তিকতা ও প্রমাণাদিসহ উদ্যোক্তা শিল্প মন্ত্রণালয়ের সচিব বরাবর রিভিউ আবেদন করতে পারবেন।

**১৪.০ মালিকানা/ইজারাস্বত্ব :**

(০১) বরাদ্দপত্রের ভিত্তিতে কোন শিল্প উদ্যোক্তা জমির মালিকানা দাবী করতে পারবেন না;

(০২) বরাদ্দকৃত প্লট ৯৯ (নিরানব্বই) বছরের জন্য লীজ প্রদান করা হয়েছে মর্মে গণ্য হবে;

(০৩) উত্তরাধিকার সূত্রে আইনগত ওয়ারিশগণ উপযুক্ত প্রমাণক কাগজপত্র দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট শিল্প ইউনিটের মালিকানা যে কোন পর্যায়ে লাভ করতে পারবেন; এ জন্য কোন ফি প্রযোজ্য হবে না।

**১৫.০ মালিকানা/ইজারাস্বত্ব হস্তান্তর :**

(০১) বিসিকের অনুমোদনক্রমে নির্ধারিত ফি, প্রয়োজনীয় কাগজপত্র ও অঙ্গীকারনামা জমা দেয়া সাপেক্ষে শিল্পনগরীতে স্থাপিত শিল্প ইউনিটের ইজারাস্বত্ব হস্তান্তর করা যাবে;

(০২) জামদানি শিল্প কারখানা স্থাপন সম্পন্ন করা ব্যতীত কোন শিল্প ইউনিট এর ইজারাস্বত্ব হস্তান্তরযোগ্য হবেনা;

(০৩) হস্তান্তরযোগ্য পর্যায়ে মালিকানা হস্তান্তর করতে হলে বিসিকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। বিসিকের অনুমোদন ব্যতীত যে কোন হস্তান্তর অবৈধ বলে গণ্য হবে;

(০৪) প্লট হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তরযোগ্য প্লটের ৭০% সর্বশেষ জরিপভুক্ত তাঁতিদের মাঝে এবং ৩০% সর্বশেষ জরিপ বহির্ভূত জামদানি উদ্যোক্তাদের মাঝে হস্তান্তর করা যাবে;

(০৫) হস্তান্তর বিষয়ে এ নীতিমালায় বর্ণিত হয়নি এমন বিষয়াদি অথবা অনুরূপ কোন আদেশ না হওয়া পর্যন্ত বিসিকের ১৫-০৬-১৯৮৮ তারিখের প্রজ্ঞাপন নং-আই-ই/বিসিক/১৫৬/৭৯ উল্লিখিত শর্তাবলী মালিকানা হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১৬.০ প্লটের বরাদ্দ বাতিল করার পদ্ধতি :**

শিল্পনগরীর প্লটের বরাদ্দ বাতিলের এখতিয়ার প্লট বরাদ্দ কমিটির উপর ন্যস্ত থাকবে। কমিটি নিম্নবর্ণিত কারণে যে কোন শিল্প প্লটের বরাদ্দ বাতিল করতে পারবে :

(০১) জামদানি শিল্প ব্যতীত অন্য কোন কাজে প্লট ব্যবহৃত হলে;

(০২) বরাদ্দপত্র অথবা বিসিক লীজ ডিড প্রোফরমার শর্তাবলী পালনে ব্যর্থ হলে;

(০৩) নির্ধারিত সময়ের মধ্যে জমির কিস্তির অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে।

**১৭.০ আপীল অনুমোদন প্রসঙ্গে :**

(০১) বরাদ্দপ্রাপ্ত উদ্যোক্তা প্লট বরাদ্দ কমিটির বরাদ্দ বাতিলের সিদ্ধান্তে অসন্তুষ্ট হলে তিনি বিসিকের চেয়ারম্যান বরাবর আপীল করতে পারবেন ;

(০২) প্লট বরাদ্দ বাতিলের নোটিশ প্রাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উদ্যোক্তাকে আপীল আবেদন পেশ করতে হবে, উক্ত সময়ের পর আপীল গ্রহণযোগ্য হবে না;

(০৩) আপীল আবেদন পাওয়ার পর সরেজমিনে পরিদর্শন, উদ্যোক্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ ও আইনী অঙ্গীকারনামা গ্রহণ ইত্যাদির মাধ্যমে চেয়ারম্যান, বিসিক ০৬ (ছয়) মাস পর্যন্ত বাতিলাদেশ স্থগিত রেখে উদ্যোক্তাকে শিল্প স্থাপনের সুযোগ দিতে পারবেন।

(০৪) আপীল সিদ্ধান্ত পুনঃবিবেচনার (রিভিশন) ক্ষেত্রে নতুন যৌক্তিকতা ও প্রমাণাদিসহ উদ্যোক্তা শিল্প মন্ত্রণালয়ের সচিব বরাবর রিভিউ আবেদন করতে পারবেন।

**১৮.০ মূল্য পরিশোধ :**

(০১) প্রতিটি প্লটের মূল্য সরকারি নীতি অনুযায়ী বিসিক কর্তৃক ধার্য করা হবে;

(০২) প্লটের টাকা ০৫ বছরে ১০ কিস্তির মাধ্যমে পরিশোধ করা যাবে। তবে প্রথম দুই কিস্তির টাকা ডাউন পেমেন্ট হিসেবে বরাদ্দকৃত প্লটের বরাদ্দপত্র গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং অবশিষ্ট টাকা বছরে দুই কিস্তিতে চার বছরে আটটি সমান কিস্তির মাধ্যমে পরিশোধ করতে হবে;

(০৩) প্লটের মূল্য এককালীন পরিশোধ করা যাবে;

(০৪) লীজ ডিড সম্পাদন করার পূর্বে জমির সম্পূর্ণ মূল্য পরিশোধ এবং বিসিকের অন্যান্য পাওনাদি সম্পূর্ণ পরিশোধ করতে হবে;

(০৫) বিসিক কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোনো সময়ে প্লটের জমির মূল্য পুনঃনির্ধারণ ক্ষমতা সংরক্ষণ করে;

(০৬) কিস্তিতে প্লটের মূল্য পরিশোধের ক্ষেত্রে কোন উদ্যোক্তা পরবর্তীতে অবশিষ্ট কিস্তির টাকা একত্রে পরিশোধ করতে আগ্রহী হলে, সেক্ষেত্রে যে তারিখ টাকা পরিশোধ করবেন, সে তারিখ পর্যন্ত সুদসহ অবশিষ্ট কিস্তির টাকা পরিশোধ করতে পারবেন।

**১৯.০ বরাদ্দপত্র পাওয়ার পর শিল্প উদ্যোক্তার করণীয় :**

(০১) প্রথম ডাউন পেমেন্টের টাকা জমাদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্লটের দখল বুঝে নিতে হবে। উক্ত সময়ের মধ্যে প্লটের দখল বুঝে নিতে ব্যর্থ হলে বিসিকের পরিচালক (বিপণন) যৌক্তিক কারণে পরবর্তী ৩০ (ত্রিশ) দিন সময় বর্ধিত করতে পারবেন;

(০২) প্লটের দখল বুঝে নেয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কারখানা ভবনের লে-আউট প্ল্যান শিল্পনগরীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করতে হবে;

(০৩) লে-আউট প্ল্যান দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনুমোদন করতে হবে;

(০৪) লে-আউট প্ল্যান অনুমোদন প্রাপ্তির পর ০৬ (ছয়) মাসের মধ্যে উৎপাদন শুরু করতে হবে।

উপরের (০১) থেকে (০৩) ক্রমিকে উল্লিখিত সময়সূচি কোন কারণে ব্যত্যয় ঘটলে সেক্ষেত্রে নোটিশ সাপেক্ষে প্লটের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

(০৫) কোন কারণে (০৪) নং ক্রমিকে উল্লিখিত শর্তের ব্যত্যয় ঘটলে সেক্ষেত্রে বিসিক চেয়ারম্যানের সম্মতি গ্রহণ করতে হবে।

**২০.০ শিল্প ইউনিটের অংশবিশেষ ভাড়া প্রদান প্রসঙ্গে :**

শিল্প ইউনিটের নির্মিত ভবনের সম্পূর্ণ/অংশবিশেষ ভাড়া প্রদান করা যাবে না।

**২১.০ একাধিক প্লটের মালিকানা :**

প্লট বরাদ্দ কমিটি কর্তৃক একজন আবেদনকারীকে সর্বোচ্চ একটি প্লট বরাদ্দ দেয়া যাবে। উদ্যোক্তা জামদানি শিল্প সম্প্রসারণের স্বার্থে প্লটের ইজারাস্বত্ব ক্রয় করতে পারবেন। তবে শর্ত থাকে যে একই ব্যক্তি কোনভাবেই দুইটির বেশি প্লটের ইজারাস্বত্বের মালিক হতে পারবেন না।

**২২.০ নীতিমালার বাস্তবায়ন :**

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং এই নীতিমালা অনুযায়ী বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর প্লট বরাদ্দ সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে। বিসিকের প্লট বরাদ্দ নীতিমালায় কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন হলে এবং তা বিসিক জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর প্লট বরাদ্দ নীতিমালার সাথে সংশ্লিষ্ট হলে সে পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন এই শিল্পনগরীর প্লট বরাদ্দ নীতিমালার ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এছাড়া জামদানি শিল্পনগরী, তারাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর প্লট ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন বিরোধ দেখা দিলে বা এ নীতিমালায় বলা হয়নি এমন কোন বিষয় পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে বিসিকের প্লট বরাদ্দ নীতিমালায় উল্লিখিত বিধি বিধানের আলোকে বিসিক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

এই নীতিমালা জারির পর জামদানি শিল্পনগরী সংক্রান্ত ০১ নভেম্বর, ২০০১ ইং তারিখের গেজেট (প্রজ্ঞাপন ২৯ অক্টোবর, ২০০০) নোটিফিকেশনের মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপনের বিধি-বিধান বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত প্রজ্ঞাপনের আওতায় যে সকল শিল্পপ্লট বরাদ্দ দেয়া হয়েছে, সে সকল প্লটের সকল কার্যক্রম এই প্রজ্ঞাপনের বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে।

**২৩.০ নীতিমালার লংঘন :**

কোন প্লট গ্রহীতা নীতিমালায় বর্ণিত বিধি-বিধান অনুসরণে ব্যর্থ হলে বিসিক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্লট বাতিলপূর্বক পুনরায় বরাদ্দের অধিকার সংরক্ষণ করে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd